যুগান্তর

তারিখ 04 AUG 2015
পৃষ্ঠা ২ কলাম ২

সভাপতি-সম্পাদকের অপরাজনীতি

# বাকৃবি ছাত্রলীগের ৬৭ নেতার গণপদত্যাগ

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে অপরাজনীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগ তুলে গণপদত্যাগ করেছেন ৬৭ নেতা। একইসঙ্গে নতুন কমিটির দাবি করেছেন ওই নেতারা। সোমবার বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে তারা গণপদত্যাগ করেন। বাকৃবি ছাত্রলীগ অনুমোদিত হল কমিটির ১২ জন নেতাও পদত্যাগ করেছেন বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সোমবার দুপুরে টিএসসিতে সংবাদ সম্মেলনের আয়োজন করে বাকৃবি ছাত্রলীগের নেতাকর্মীরা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন যুগ্ম সম্পাদক খন্দকার তায়েফুর রহমান রিয়াদ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, বাকৃবি ছাত্রলীগের সভাপতি মুর্শেদুজ্জামান খান বাবু ও সাধারণ সম্পাদক মো. সাইফুল ইসলামসহ তাদের অনুগত ক্যাডাররা সীমাহীন সন্ত্রাস; শিক্ষার্থী নির্যাতন, শিক্ষক লাঞ্ছনা, ছাত্র হত্যা, চাঁদাবাজি ও টেন্ডারবাজিতে লিপ্ত হয়ে ৪টি মামলায় অভিযুক্ত। মামলার আসামি হিসেবে বর্তমান কমিটির সাধারণ সম্পাদক, ২ জন সহসভাপতিসহ মোট ৭ জন জেলহাজতে রয়েছে। বাকিরা পলাতক আছে। বর্তমান বাকৃবি ছাত্রলীগ কমিটিকে মেয়াদোত্তীর্ণ উল্লেখ করে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির কাছে নতুন কমিটি গঠনের দাবি জানানো হয়। এছাড়া বাবু-সাইফুলের অপরাজনীতির বলি হয়ে হত্যা মামলার আসামি ১৪ জন, বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার হয়েছে ৬ জন, বিএফআরআই এ টেন্ডারবাজি করতে গিয়ে দ্রুত বিচার মামলার আসামি ৩ জন এবং জেলা ছাত্রলীগের সভাপতির সঙ্গে সংঘর্ষের ঘটনায় ৭৫ জন আসামি।